অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 4/10/2019 **গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো**

গভর্নর কুওমো এবং বিধানসভার নেতারা ঘোষণা করেছেন যে 2020 সালের কার্যকরী বাজেট প্রবীণ নিউ ইইয়র্কবাসীদের জন্য কমিউনিটি-ভিত্তিক পরিষেবাগুলি প্রদান করতে ঐতিহাসিক 15 মিলিয়ন ডলারের বিনিয়োগকে অন্তর্ভুক্ত করেছে

মধ্যবিত্ত পরিবারগুলির জন্য বার্ধক্য সংক্রান্ত পরিষেবাগুলিতে (Aging Services) প্রবেশাধিকার উন্নত করতে পরিচর্যার ব্যক্তিগত পে মডেল (Private Pay Model of Care) গঠন করার জন্য বাজেটে দেশের মধ্যে এই প্রথমবার একটি প্রকল্পকে অন্তর্ভুক্ত করা হয়েছে

এই ঐতিহাসিক বিনিয়োগ প্রবীণ এবং পরিচর্যা প্রদানকারীদের গুরুত্বপূর্ণ পরিষেবাগুলিতে প্রবেশাধিকার বৃদ্ধি করবে

গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো, সেনেট সংখ্যাগরিষ্ঠ নেতা অ্যান্ড্রু স্টুয়ার্ট-কাজিন্স এবং বিধানসভা স্পিকার কার্ল হেস্টি, প্রবীণ নিউ ইয়র্কবাসীদের জন্য কমিউনিটি-ভিত্তিক পরিষেবাগুলির স্থানীয় অপূর্ণ প্রয়োজনীয়তা পূরণ করতে 2020 আর্থিক বছরের কার্যকরী বাজেটে একটি ঐতিহাসিক 15 মিলিয়ন ডলার বিনিয়োগ এবং যুগান্তকারী নীতি পরিবর্তনের অন্তর্ভুক্তির কথা আজ ঘোষণা করেছেন। এই বিনিয়োগ প্রবীণ নিউ ইয়র্কবাসীদের তাদের বাড়িতে এবং পছন্দের কমিউনিটিতে স্বাধিনভাবে বসবাস করতে সক্ষম করবে এবং মধ্যবিত্ত পরিবারগুলির জন্য বার্ধক্য সংক্রান্ত নেটওয়ার্ক পরিষেবাগুলিতে প্রবেশাধিকার বৃদ্ধি করতে দেশের মধ্যে এই প্রথমবার প্রণীত নীতিগুলিকে সহায়তা করবে।

"প্রত্যেক নিউ ইয়র্কবাসী – তারা যে বয়সীই হোক না কেন – একটি সুস্থ এবং আনন্দময় জীবনের জন্য সর্বোৎকৃষ্ট পরিষেবাগুলি পাওয়ার অধিকারী, এবং এই বছরের বাজেটে আমরা সেই প্রতিশ্রুতি পূরণের আপ্রাণ চেষ্টা করেছি", **গভর্নর কুওমো বলেন।** "এই বিনিয়োগ, বাড়িতে খাবার পৌঁছে দেওয়া এবং কেস ম্যানেজমেন্টের মতো গুরুত্বপূর্ণ পরিষেবাগুলিকে সহায়তা করবে যা প্রবীণ এবং পরিচর্যা প্রদানকারীদের উপর প্রভূত প্রভাব ফেলবে, এবং প্রবীণ নিউ ইয়র্কবাসীদের স্বাধিনভাবে বসবাস করা এবং কমিউনিটির জীবনস্রোতে নিজেদের জড়িত রাখায় সহায়তাকারী হিসাবে নিউ ইয়র্ককে একজন পথ প্রদর্শক হিসাবে প্রতিষ্ঠিত করা অব্যাহত রাখবে।"

সিনেট সংখ্যাগরিষ্ঠ নেতা অ্যান্ড্রিয়া স্টুয়ার্ট-কাজিন্স বলেন, "প্রবীণ নিউ ইয়র্কবাসীরা যাতে আমাদের স্টেটে বসবাস করতে পারেন এবং সমৃদ্ধি লাভ করতে পারেন তা নিশ্চিত করা সেনেট সংখ্যাগরিষ্ঠের একটি অন্যতম অগ্রাধিকার। চূড়ান্ত স্টেট বাজেটে, প্রবীনদের কর্মসূচিতে আরও বিনিয়োগ করতে পারার জন্য আমি গর্বিত। সেনেট এজিং কমিটির (Senate Aging Committee) প্রধান হিসাবে সেনেটর রাচেল মে-র নেতৃত্বের জন্য আমি তাকে সাধুবাদ জানাতে চাই এবং নিউ

ইয়র্কের প্রবীনদের সুরক্ষিত করতে, একসাথে কাজ করার জন্য স্পিকার কার্ল হেস্টি এবং গভর্নর কুওমোকে ধন্যবাদ জানাই।"

অ্যাসেম্বলি স্পিকার কার্ল হেস্টি বলেছেন, "বিধানসভার সংখ্যাগরিষ্ঠরা, প্রবীণ নিউ ইয়র্কবাসীদের স্বাস্থ্য, সুরক্ষা এবং স্বাধিনতা রক্ষা করতে প্রতিশ্রুতিবদ্ধ। আমাদের প্রবীণ জনসাধারণ আমাদের কমিউনিটির একটি অবিচ্ছেদ্য অংশ এবং তারা যেভাবে বসবাস করেন সেভাবে আমাদের পরিবেশকে গড়ে তুলতে সহায়তা করেছেন। এই বাজেট অনেক অপূর্ণ প্রয়োজনীয়তা পূরণ করেছে এবং প্রবীণ এবং তাদের পরিচর্যা প্রদানকারীরা যাতে মর্যাদার সাথে বয়সজনিত সহায়ক পরিষেবাগুলিতে প্রবেশাধিকার পায় তা নিশ্চিত করেছে।"

"আমরা যেভাবে আমাদের সবথেকে দূর্বল জনসাধারণের যত্ন নিই তা আমাদের স্টেটের অগ্রাধিকারগুলিরই একটি প্রতিফলন", **লেফ্টেন্যান্ট গভর্নর ক্যাথি হোচুল বলেন।** "এই ঐতিহাসিক বাজেট বিনিয়োগ প্রবীণ নিউ ইয়র্কবাসীদের প্রয়োজনে সহায়তা প্রদান করবে এবং নিশ্চিত করবে যে পরিচর্যা এবং পরিষেবাগুলি তাদের কাছে সহজেই উপলভ্য। এই উদ্যোগ একটি বয়স-বান্ধব স্টেট হিসাবে পথ প্রদর্শনের আমাদের অবিরত প্রচেষ্টার অংশ।"

2020 আর্থিক বছরের কার্যকরী বাজেট, নিউ ইয়র্ককে একটি বয়স-বান্ধব স্টেট বানানো এবং স্টেটের প্রশাসনের কাজে সুস্থ প্রবীনদের নিয়োজনের অঙ্গীকারের উপর গঠিত হয়েছে। তাৎপর্য্যপূর্ণভাবে এই বাজেট নিউ ইয়র্ক স্টেটের প্রবীণদের জন্য কার্যালয় (New York State Office for the Aging, NYSOFA) এর এজিং নেটওয়ার্ক পরিষেবাগুলির জন্য বিনিয়োগ করে, যা প্রবীনদের স্বাধিনভাবে বসবাস করতে সহায়তা করে, পরিবার ও বন্ধুদের পরিচর্যাকারীর ভূমিকা পালন করতে সহায়তা করে, এবং আগে থেকে কম প্রয়োজনীয় পরিষেবাগুলিতে হস্তক্ষেপ করার মাধ্যমে ভবিষ্যতের মেডিকেড (Medicaid) খরচগুলিকে বিলম্বিত করে। উল্লেখযোগ্য বিষয়গুলির মধ্যে আছে:

- ব্যক্তিগত পরিচর্যা, বাড়িতে খাবার পৌঁছে দেওয়া, কেস পরিচালনা, বাড়ি পরিবর্তন এবং অন্যান্য পরিষেবাগুলির মত অপূর্ণ প্রয়োজনীয়তাগুলি সম্পর্কে যে কাউন্টিগুলি রিপোর্ট করেছে তাদের জন্য একটি ঐতিহাসিক 15 মিলিয়ন ডলার পুনরাবৃত্ত ভাবে বিনিয়োগ। এই উদ্দীষ্ট বিনিয়োগ, বিপদগ্রস্ত হিসাবে নির্ণীত এবং যাদের পরিষেবাগুলি প্রয়োজন এমন সহস্রাধিক প্রবীনদের সেবা করতে অবিলম্বে সহায়তা করবে

- এজিং সার্ভিস নেটওয়ার্ক যাতে আরও মানুষের সেবা করতে পারে তার জন্য একটি প্রাইভেট পে মার্কেট গঠনে NYSOFA কে অনুমোদিত করা এবং উপভোক্তারা যাতে একটি পেশাদার, কার্যকর সেইসব পরিষেবা প্রদানকারীর নেটওয়ার্ক অ্যাক্সেস করতে পারে যাদের একমাত্র লক্ষ্য প্রবীনদের স্বাধিনভাবে বসবাস করতে সহায়তা করা, তা নিশ্চিত করা

- সকল বয়সের ব্যক্তিবর্গকে দীর্ঘ-কালীন পরিষেবা ও সহায়তা অ্যাক্সেস করতে সাহায্য করার জন্য প্রবীণ এবং স্বাধিনভাবে বসবাসের কেন্দ্রের অংশীদারদের জন্য কাউন্টি

অফিসগুলিতে অতিরিক্ত সংস্থান প্রদান করে নিউ নিয়র্ক কানেক্টস (NY Connects) সিস্টেমের সংস্কারে স্টেটের দায়বদ্ধতা বৃদ্ধি করা

- অন্যান্যগুলির মধ্যে, দীর্ঘকালীন রোগের স্ব-ব্যবস্থাপনা, ডায়াবেটিসের স্ব-ব্যবস্থাপনা, এবং পড়ে যাওয়া প্রতিরোধ করার কর্মসূচির মতো দীর্ঘকালীন অসুস্থতার ভয়ঙ্কর প্রভাবগুলি সমাধান করতে প্রমাণ-ভিত্তিক পদক্ষেপ প্রদান করার জন্য স্টেট জুড়ে প্রচেষ্টাগুলির সম্প্রসারণে অর্থের যোগান দেওয়া

- নিউ ইয়র্কের নেটওয়ার্ক অফ এজিং সার্ভিসেসের কর্মীদের যাতে সবথেকে আপ-টু-ডেট জ্ঞান ও দক্ষতা থাকে তা নিশ্চিত করতে প্রশিক্ষণ, শিক্ষা, এবং এজিং নেটওয়ার্ক কর্মীদের স্টেট সার্টিফিকেশনে আরও বিনিয়োগ করতে সংস্থান প্রদান করা

NYSOFA, 60 বছর বা তার বেশি বয়সী নিউ ইয়র্কবাসীদের জন্য কর্মসূচি এবং পরিষেবা গঠন এবং পরিচালনা করে এটি প্রবীনদের উপর কর্মরত 59টি কাউন্টি-ভিত্তিক আঞ্চলিক এজেন্সি এবং প্রবীণ এবং তাদের পরিবারকে সেবা প্রদান এবং সক্ষম করে তুলতে সহায়তাকারী 1,200-র বেশি সরকারী ও বেসরকারি সংস্থার একটি একত্রিত, সমন্বিত নেটওয়ার্ককে চালনা ও পথ প্রদর্শন করে। NYSOFA এবং তার অংশীদারেরা গত বছর প্রায় 700,000 প্রবীনদের পরিষেবা প্রদান করেছে।

গভর্নর কুওমোর নেতৃত্বে, নিউ ইয়র্ক স্টেট প্রশাসন স্টেটের 4.3 মিলিয়নেরও বেশি প্রবীণ এবং তাদের সহায়তাকারী ঘরোয়া পরিচর্যাকারীদের উপর অবিচলিত নিবেদন দেখিয়েছে। 2018 সালে, নিউ ইয়র্ককে দেশের মধ্যে প্রথম বয়স-বান্ধব স্টেট হিসাবে সমর্থন করার জন্য গভর্নর কুওমো একটি নির্বাহী আদেশ জারি করেছিলেন। এই নিয়োগ, কমিউনিটি-ভিত্তিক পরিষেবাগুলির সম্প্রসারণ এবং আরও ভালো সমন্বয়ের মাধ্যমে প্রবীনদের সুস্থ রাখা এবং তাদের স্বাধিনতা বজায় রাখাকে অন্তর্ভুক্ত করে। স্টেটের প্রতিরোধের বিষয়সূচিকে প্রতিষ্ঠানের কাঠামো হিসাবে ব্যবহার করে, গভর্নর, সমস্ত পলিসিতে স্বাস্থ্যকে অগ্রাধিকার (Health Across All Policies) নামক একটি দৃষ্টিভঙ্গী নিয়ে আসেন, যেখানে পলিসি এবং কর্মসূচিগুলি, কিভাবে জনসাধারণের স্বাস্থ্যকে ইতিবাচক ভাবে প্রভাবিত করবে সেদিকে লক্ষ্য রেখে, স্টেট এজেন্সিগুলি একসাথে কাজ করবে। NYSOFA-র প্রবীনদের জন্য মূল কর্মসূচি এবং পরিষেবাগুলি, গভর্নর কুওমোর নেতৃত্বে, সমগ্র স্টেটে পরিষেবাগুলি বৃদ্ধি করে, তাদের কাজের অগ্রগতি অব্যাহত রেখেছে।

নিউ ইয়র্ক স্টেটের অফিস ফর দ্য এজিং এর ভারপ্রাপ্ত পরিচালক গ্রেগ ওলসেন বলেন, "20 আর্থিক বছরের কার্যকরী বাজেট প্রবীণ এবং তাদের পরিবারবর্গের উপর গভর্নর কুওমোর নিরন্তর দায়বদ্ধতা প্রদর্শন করে। এই বিনিয়োগ এবং নীতির পরিবর্তনগুলি, পরিষেবাগুলির জন্য যোগ্য কিন্তু সেগুলি পাওয়ার জন্য এজিং সার্ভিসেসের আর্থিক পরিষেবার জন্য অপেক্ষমান প্রবীনদের প্রদান করার উপায়গুলির আমূল পরিবর্তন ঘটাবে; মধ্যবিত্ত পরিবারগুলিকে সাশ্রয়ী, অধিক কার্যকর পরিষেবাগুলি যা স্বাধিনতা বজায় রাখবে, এমন পরিষেবা দেওয়ার জন্য অনুমোদিত করবে; এবং কর্মীদের দক্ষতা-ভিত্তিক, যথোপযুক্ত শিক্ষা, প্রশিক্ষণ এবং স্টেট সার্টিফিকেশন প্রদান করা অব্যাহত রাখবে যা জনসাধারণ নিশ্চিত হতে পারে যে উচ্চ-মানের পরিষেবাগুলি প্রদান করা হচ্ছে। এই পদক্ষেপগুলি

প্রবীণ নিউ ইয়র্কবাসীদের প্রতি গভর্নরের দায়বদ্ধতা এবং কেন নিউ ইয়র্ক স্টেটকে দেশের মধ্যে প্রথম বয়স-বান্ধব স্টেট বলা হয় তার সুস্পষ্ট উদাহরণ।"

সিনেটর রাচেল মে, নিউ ইয়র্ক স্টেট সিনেট এজিং কমিটির সভাপতি বলেন, "সেনেট এজিং কমিটির প্রধান হিসাবে, প্রবীনদের প্রাপ্য মর্যাদা এবং পরিচর্যা নিশ্চিতকারী পরিষেবাগুলির জন্য অর্থের যোগান দেওয়া ছিল আমার অন্যতম প্রধান অগ্রাধিকার। প্রবীনদের পরিষেবাগুলির জন্য বর্ধিত বিনিয়োগ সকলের জন্যই একটি প্রকৃত জয়। আসলে 90 বছর বয়সের লোকও আছেন যারা বাড়িতে বসে পরিষেবা পাওয়ার জন্য অপেক্ষা করছেন। এই বছর এই রেকর্ড পরিমাণ বিনিয়োগের মাধ্যমে, আরও প্রবীণ ব্যক্তি তাদের নিজের বাড়িতে এই বৃদ্ধ বয়সে থাকার জন্য প্রয়োজনীয় পরিচর্যা পাবেন। সবশেষে, এইসব পরিষেবাগুলি মানুষের নার্সিং হোমে থাকার প্রয়োজনীয়তা হ্রাস করার দ্বারা স্টেটের অর্থ বাঁচাবে। এই গুরুত্বপূর্ণ বিনিয়োগটিকে নিশ্চিত করার জন্য সহায়তা করতে পেরে আমি রোমাঞ্চিত এবং এই বিষয়ে গভর্নর কুওমোর নেতৃত্বের জন্য তাকে ধন্যবাদ।"

সংসদ সদস্য হ্যারি ব্রনসন, নিউ ইয়র্ক স্টেট অ্যাসেম্বলি এজিং কমিটির সভাপতি বলেন, "নিউ ইয়র্ক, প্রবীণ নিউ ইয়র্কবাসীদের স্বাস্থ্য, নিরাপত্তা, স্বাধিনতা, এবং জীবনযাত্রার মান সুরক্ষিত রাখার জন্য নিবেদিত। আমাদের ব্যয় পরিকল্পনা, আমাদের প্রবীণ জনগণের কমিউনিটি এবং বয়স মর্যাদার সাথে উপভোগ করা অব্যাহত রাখতে প্রয়োজনীয় কর্মসূচিগুলিতে অত্যন্ত প্রয়োজনীয় বিনিয়োগগুলি করেছে।"

বেথ ফিনকেল, নিউ ইয়র্ক স্টেটের AARP-র ডিরেক্টর, বলেছেন, "বাড়িতে পৌঁছে দেওয়া খাবার, চিকিৎসা সংক্রান্ত অ্যাপয়েন্টমেন্টে যাতায়াতের বন্দোবস্ত, দৈনন্দিন কার্যকলাপে সহায়তা এবং সেই ধরণের পরিষেবাগুলি সম্প্রসারিত করতে এই ঐতিহাসিক 15 মিলিয়ন ডলার, সহস্রাধিক মধ্যবিত্ত পরিবারবর্গকে তাদের প্রিয়জনকে ব্যয়বহুল, করদাতাদের অর্থের ব্যয় হওয়া নার্সিং হোমগুলিতে পাঠানো থেকে বিরত করবে। আপামর জনগণ যেমন চান, তাদের প্রিয়জনকে বাড়িতেই মর্যাদার সাথে থাকতে সহায়তা করার জন্য পারিবারিক পরিচর্যাকারীদের সমর্থন করাটাই সাধারণভাবে এবং আর্থিক দিক দিয়ে বুদ্ধিমত্তার পরিচয়। চূড়ান্ত স্টেট বাজেটে, আমাদের দ্রুত বাড়তে থাকা প্রবীণ জনসংখ্যার এই বর্ধিত প্রয়োজনীয়তা পূরণের জন্য এই বিনিয়োগ বৃদ্ধির প্রস্তাব উত্থাপন করে এবং তার অন্তর্ভুক্তি নিশ্চিত করতে নেতৃত্ব দেওয়ার জন্য, সেইসাথে অন্যান্য কার্যকরী পরিষেবাগুলির জন্য দেশের-মধ্যে-প্রথম প্রাইভেট পে উদ্যোগের জন্য AARP গভর্নর কুওমোকে ধন্যবাদ জানায়।"

আল কারডিলো, নিউ ইয়র্ক স্টেটের হোম কেয়ার অ্যাসোসিয়েশনের (Home Care Association, HCA) প্রেসিডেন্ট এবং প্রধান নির্বাহী কর্মকর্তা বলেছেন, "গৃহ ও কমিউনিটি পরিষেবাগুলির জন্য এই নতুন সৃজনশীল সহায়তার জন্য হোম কেয়ার অ্যাসোসিয়েশন (HCA) গভর্নর কুওমো এবং ডিরেক্টর ওলসেনকে সাধুবাদ জানায়। এই উদ্ভাবনী নতুন বিনিয়োগ প্রবীনদের পরিষেবাগুলি অ্যাক্সেস করতে সহায়তা করবে; HCA হোম কেয়ার এজেন্সিগুলিকে বর্ধিত পরিষেবা প্রদান করতে অনুপ্রাণিত করবে; মেডিকেড (Medicaid) এর সাথে দীর্ঘকালীন পরিচর্যার জন্য বেসরকারীভাবে অর্থের যোগানের নতুন এবং প্রয়োজনীয় উপায়গুলির দিকে দৃষ্টি নিবদ্ধ করবে। গৃহ এবং দীর্ঘ-কালীন পরিচর্যা পরিষেবাগুলিকে প্রাথমিক, মূলস্রোতের স্বাস্থ্যের আওতার আলোচনা থেকে দূরে সরিয়ে রাখা উচিৎ নয়, এবং এই নতুন কর্মসূচি ওই দৃষ্টান্তকে পরিবর্তন করতে একটি গুরুত্বপূর্ন পদক্ষেপ হয়ে

উঠতে পারে। নিউ ইয়র্ক স্টেটে এই নতুন কর্মসূচির মহান লক্ষ্য পূরণে HCA এবং আমাদের হোম কেয়ার এজেন্সিগুলি গভর্নর এবং স্টেট অফিস ফর দ্যা এজিং এর সাথে ঘনিষ্ঠভাবে কাজ করার জন্য উন্মুখ।"

অ্যান মারি কুক, লাইফস্প্যানের (Lifespan) প্রেসিডেন্ট/প্রধান নির্বাহী কর্মকর্তা, বলেছেন, "প্রবীণ এবং ঘরোয়া পরিচর্যাকারীদের পরিষেবা প্রদানের জন্য গভর্নর কুওমোর অব্যাহত নেতৃত্বকে আমি আন্তরিকভাবে ধন্যবাদ জানাতে চাই। কমিউনিটিতে স্বাধিনভাবে থাকতে প্রবীনদের প্রয়োজনীয় সহায়তা পাওয়া নিশ্চিত করতে এই বাজেট তার দৃঢ় অঙ্গীকারকে প্রদর্শন করে। অর্থ সরবরাহ থেকে প্রবীনদের নির্যাতন প্রতিরোধ, গুরুত্বপূর্ন ডলার থেকে অপূর্ন প্রয়োজনীয়তা পুরণ, গভর্নর প্রমাণ করেছেন যে প্রবীণ নিউ ইয়র্কবাসী যারা আমাদের কমিউনিটিগুলিকে বসবাসের জন্য একটি উন্নততর স্থান করে তুলতে বছরের পর বছর পরিশ্রম করেছেন তাদের সহায়তা করতে তিনি দায়বদ্ধ।"

হলি রোডস-টিয়েগ, নিউ ইয়র্কের অ্যাসোসিয়েশন অন এজিং (Association on Aging in New York) এর বোর্ড প্রেসিডেন্ট এবং সাফক কাউন্টি অফিস ফর দ্যা এজিং এর ডিরেক্টর বলেছেন, "প্রবীণ নিউ ইয়র্কবাসীরা তাদের বাড়ি এবং কমিউনিটিতে স্বাধিনভাবে বসবাস করার জন্য যে কমিউনিটি-ভিত্তিক পরিষেবাগুলি চেয়েছিল, সেগুলি প্রদান করতে প্রয়োজনীয় অর্থ সরবরাহ নিশ্চিত করতে নেতৃত্ব দেওয়ার জন্য নিউ ইয়র্ক অ্যাসোসিয়েশন অন এজিং গভর্নর কুওমো এবং নিউ ইয়র্ক স্টেট অফিস ফর দ্যা এজিং (New York State Office for the Aging) কে ধন্যবাদ জানায়।"

আলিসন নিকারসন, LiveOn NY এর এক্সিকিউটিভ ডিরেক্টর বলেছেন, "স্বগৃহে আবদ্ধ প্রবীনদের সবথেকে প্রয়োজনীয় বিষয়গুলিতে আরও ভালো করে সহায়তা করার উপর গুরুত্ব আরোপ করে নিউ ইয়র্কের প্রবীণ জনগণের জন্য পরিষেবাগুলির উপলভ্যতা নিশ্চিত করতে এই বছরের বাজেট যে অগ্রগতি করেছে তার জন্য LiveOn NY গর্বিত। নিউ ইয়র্কের প্রবীণ জনগণকে সহায়তা করতে এবং আমাদের কমিউনিটিকে আরও ভালো পরিষেবা দেওয়ার নতুন, উদ্ভাবনী উপায়গুলি খুঁজে বের করতে আমরা স্টেটের সাথে কাজ করা অব্যাহত রাখতে উন্মুখ। নিউ ইয়র্ক কানেক্টস (NY Connects) থেকে বাড়িতে-পৌঁছে দেওয়া খাবার, এই জীবনের সাথে অঙ্গাঙ্গীভাবে জড়িত কর্মসূচিগুলিতে তাদের সহায়তা বৃদ্ধির জন্য আমরা গভর্নর কুওমো, স্টেট অফিস ফর দ্যা এজিং এর ভারপ্রাপ্ত ডিরেক্টর গ্রেগ ওলসেন কে ধন্যবাদ জানাই।"

###

অতিরিক্ত তথ্য পেতে দেখুন www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট । এক্সিকিউটিভ চেম্বার । press.office@exec.ny.gov । 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন